গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
টাঙ্গাইল।
tangail.judiciary.org.bd

**বিষয় ঃ গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) ও ক্রোকী পরোয়ানা (Warrant of Proclamation & Attachment) তামিল সংক্রান্ত প্রদত্ত নির্দেশনা প্রতিপালনে অস্পষ্টতা দূরীকরণ প্রসঙ্গে।**

ইদানিং নিম্নস্বাক্ষরকারী কর্তৃক টাঙ্গাইল জেলার বিভিন্ন থানা পরিদর্শনকালীন সময়ে গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) ও ক্রোকী পরোয়ানা (Warrant of Proclamation & Attachment) তামিলের হার ধীরগতি পরিলক্ষিত হওয়ায় উহার কারণ অবগত হয়ে মৌখিকভাবে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু নিম্নস্বাক্ষরকারী কর্তৃক প্রদত্ত নির্দেশনা সুস্পষ্টভাবে প্রতিপালিত হচ্ছে না মর্মে গোচরীভূত হওয়ায় এতদ্ সংক্রান্তে বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণসহ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা গেল।

## (ক) সি.আর মামলা (Complaint Registered Case)

১) আদালত কর্তৃক ইস্যুকৃত গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) সংশ্লিষ্ট আদালত হতে রি-কল (Recall) না করা পর্যন্ত থানায় উহা জারীর জন্য পেন্ডিং (Pending) থাকবে। অনেক ক্ষেত্রে দেখা যায় গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) সংশ্লিষ্ট মামলাটি আদালত কর্তৃক নিষ্পত্তি হওয়ার পর গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) রি-কল (Recall) করার আদেশ থাকা স্বত্ত্বেও সহায়ক কর্মচারীগণ আদালতের আদেশ মোতাবেক রি-কল (Recall)/নিষ্পত্তি আদেশ থানায় প্রেরণ করে না। আবার অনেক ক্ষেত্রে আসামীগণ জামিন লাভ করার পরও আদালতের সহায়ক কর্মচারীগণ জামিনের আদেশ/রি-কল (Recall) থানায় প্রেরণ করে না। এমনকি আসামীপক্ষের বিজ্ঞ আইনজীবীগণ আদালত হতে নিজে রি-কল (Recall) গ্রহণ করে উহা সংশ্লিষ্ট থানায় দাখিল করে না। ফলে, মামলা নিষ্পত্তি হওয়ার পরও গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) তামিলের জন্য থানায় দীর্ঘদিন পেন্ডিং থাকে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট মামলাটির নথির বিষয়ে খোঁজ নিয়ে আসামীর জামিন লাভ কিংবা মামলা নিষ্পত্তির বিষয়টি নিশ্চিত হলেই কেবলমাত্র গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) ফেরত দেয়ার বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২) আসামী জামিন লাভ না করে পলাতক থাকলে/বিদেশ থাকলে/থানা এলাকার বাইরে থাকলে এবং মামলা নিষ্পত্তি না হলে সেক্ষেত্রে আদালত হতে গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) রি-কল (Recall) এর আদেশ না পেলে গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) কখনোই আদালতে ফেরত দেয়া যাবে না। এই ক্ষেত্রে আসামীর বিরুদ্ধে ইস্যুকৃত গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) দীর্ঘদিন যাবৎ তামিল না হওয়ার কারণ বর্ণনা করে গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) ইস্যুকারী সংশ্লিষ্ট আদালতে প্রতিবেদন দাখিল করতে হবে, যাতে আদালত দ্রুততম সময়ের মধ্যে মামলা নিষ্পত্তির জন্য ফৌজদারী কার্যবিধির ৮৭ ও ৮৮ ধারায় কার্যক্রম গ্রহণ করতে পারে।

৩) অনেক ক্ষেত্রে দেখা যায় আসামী আত্মসমর্পন পূর্বক জামিন লাভ করে বিদেশে/থানা এলাকার বাইরে অবস্থান করে কিংবা মামলা নিষ্পত্তির দীর্ঘদিন পরও উল্লিখিত কারণে থানায় রি-কল (Recall) প্রেরণ না করার ফলে থানাতে গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) তামিলের অপেক্ষায় থাকে। সেক্ষেত্রে মামলার গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) দীর্ঘদিন পেন্ডিং থাকলে বিশেষ করে পুরাতন মামলার গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) তামিলের দায়িত্বপ্রাপ্ত তামিলকারী পুলিশ অফিসারকে স্ব-উদ্যোগে মামলার নথির (Judicial Record) খোঁজ নিয়ে আসামীর জামিন লাভ/মামলা নিষ্পত্তির বিষয়ে নিশ্চিত হওয়া সাপেক্ষে গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) ফেরত প্রদানের জন্য নির্দেশ দেয়া গেল। আসামী পলাতক থাকলে কিংবা মামলা নিষ্পত্তি না হলে যত পুরাতন মামলাই হোক গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) ইস্যুকারী আদালত রি-কল (Recall) না করলে গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) আদালতে ফেরত দেয়া যাবে না। এক্ষেত্রে গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) জারীর জন্য পেন্ডিং রেখে উহা তামিলের প্রতিবন্ধকতা বা বিলম্বের কারণ আদালতে প্রতিবেদন আকারে অবগত করার জন্য নির্দেশ দেয়া গেল।

## (খ) জি.আর মামলা (General Registered Case)

১) মামলার তদন্তকালে গ্রেফতারকৃত আসামী কিংবা তদন্ত শেষে চার্জশীট দাখিলের পূর্বে বা পরে আত্মসমর্পনকৃত আসামী জামিন লাভের পর পলাতক হওয়ার ক্ষেত্রে গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) ইস্যু করা হলে, ঐসব গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) সংশ্লিষ্ট আদালত কর্তৃক রি-কল (Recall) করা না হলে ঐ ধরণের গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) কখনোই বিনা তামিলে ফেরত দেয়া যাবে না। তবে মামলা নিষ্পত্তি পূর্বক আসামীকে খালাস প্রদান করা হলে সেক্ষেত্রে রি-কল (Recall) আদেশ কোন কারণে থানায় প্রেরণ না করা হলেও গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) তামিলকারী অফিসার যদি স্ব-উদ্যোগে মামলা নিষ্পত্তিসহ আসামীকে খালাস প্রদান করার বিষয়ে নিশ্চিত হন, সেক্ষেত্রে প্রতিবেদনসহ গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) ফেরত প্রদান করা যাবে। আসামী জামিন লাভ করে পলাতক হলে তার বিরুদ্ধে ক্রোকী পরোয়ানা (Warrant of Proclamation & Attachment) ইস্যুর আবশ্যকতা না থাকায় গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) তামিলের বিলম্বের কারণ সম্বলিত অগ্রগতি প্রতিবেদন দাখিল করার আবশ্যকতা নাই।

২) মামলার তদন্তকালে গ্রেফতার করা হয় নাই এমন আসামী অর্থাৎ চার্জশীট গৃহীতক্রমে পলাতকগণ্যে আসামীর বিরুদ্ধে ইস্যুকৃত গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) তামিলের জন্য দীর্ঘদিন থানায় পেন্ডিং (Pending) থাকলে দ্রুততম সময়ের মধ্যে মামলা বিচারের জন্য প্রস্তুত করার লক্ষ্যে ফৌজদারী কার্যবিধির ৮৭ ও ৮৮ ধারার কার্যক্রম গ্রহণ করার জন্য গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) তামিলের জন্য পেন্ডিং রেখে উহা তামিলের বিলম্বের কারণ সম্বলিত গতি প্রতিবেদন সংশ্লিষ্ট আদালতে দাখিল করার জন্য নির্দেশ দেয়া গেল।

৩) গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) তামিলকারী অফিসারের সুবিধার্থে গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) ইস্যু করার সময় প্রযোজ্য ক্ষেত্রে গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) এর গায়ে লাল কালিতে ***"মামলার শুরু থেকে পলাতক"*** কিংবা ***"জামিনে গিয়ে পলাতক"*** শব্দগুলি লিখার জন্য জি.আর.ও/বেঞ্চ-সহকারীগণকে নির্দেশ দেয়া গেল।

## (গ) সাধারণ নির্দেশনা (General Instruction)

১) অনেক ক্ষেত্রে দেখা যায় আদালত কর্তৃক গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) রি-কল (Recall) করা হলেও গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) আদালতে ফেরত দেয়া হয় না। দাপ্তরিকভাবে রি-কল (Recall) প্রাপ্ত হওয়ার সাথে সাথে থানার সংশ্লিষ্ট রেজিষ্ট্রারে লিপিবদ্ধ করে গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) আদালতে প্রতিবেদনসহ ফেরত দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল।

২) ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, মামলায় জড়িত কতিপয় অসাধু ব্যক্তি আদালতের দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটের স্বাক্ষর /সীলমোহর জাল করে থানায় গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) এবং রি-কল (Recall) দাখিল করছে। দাপ্তরিকভাবে গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) ও রি-কল (Recall) পাঠানোর জন্য অত্র কার্যালয় হতে বিগত ১১/০৪/২০১৯ ইং তারিখে অফিস আদেশ প্রচার করা হলেও বিশেষ ক্ষেত্রে বিজ্ঞ আইনজীবীগণ দরখাস্তক্রমে হাতে হাতে রি-কল (Recall) গ্রহণ করছেন। বিজ্ঞ আইনজীবীগণ/আইনজীবী সহকারীগণ/মামলার পক্ষগণ কর্তৃক থানায় রি-কল (Recall) দাখিল করা হলে উহার সত্যতা যাচাইক্রমে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

এই বিষয়ে প্রয়োজনে কোর্ট ইন্সপেক্টর/সংশ্লিষ্ট জি.আর.ও/জুডিসিয়াল পেশকারের সাথে (০১৭১৭-৩৬৫০৭৫) যোগাযোগ করা যেতে পারে।

## (ঘ) নিষ্পত্তি মামলার তথ্য (Information of Disposal Case)

১) অত্র ম্যাজিস্ট্রেসীতে চলমান/বিচারাধীন সি.আর ও জি.আর মামলা ফৌজদারী কার্যবিধি অনুযায়ী যেকোন ভাবে নিষ্পত্তি হোক না কেন, নিষ্পত্তির আদেশ/ রি-কল (Recall) প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট থানায় দাপ্তিরিকভাবে প্রেরণ করার বিষয়টি নিশ্চিত করার জন্য বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণকে নির্দেশ প্রদান করা গেল।

২) সি.আর ও জি.আর মামলায় পলাতক আসামী আত্মসমর্পন পূর্বক জামিন লাভ করলে জামিনের আদেশ কিংবা গ্রেফতারী পরোয়ানা (Warrant of Arrest) রিকলের আদেশ দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট থানায় প্রেরণ করার বিষয়টি নিশ্চিত করণের জন্য বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণকে নির্দেশ দেয়া গেল।

মামলা দ্রুত নিষ্পত্তি ও জনস্বার্থে উল্লিখিত বিষয়ে যথাযথ আইনগত পদক্ষেপ গ্রহণ ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণ ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত নির্দেশনা প্রতিপালন করার জন্য নির্দেশ প্রদান করা গেল।

সংশ্লিষ্ট সকলকে অবগত করা হোক।

১৯/০৯/২০১৯
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

স্মারক নং-১০.০০.৯৩০০.০০১.১৮.০৩৯.১৯/ ৮২৫(২৯)

তারিখ ঃ ০৪ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ / ১৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।

**অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

১। বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
২। ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ), বিদ্যুৎ আদালত, টাঙ্গাইল।
৩। বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম/২য়/৩য়/৪র্থ আদালত/স্পেশাল ম্যাজিস্ট্রেট (বন আদালত), টাঙ্গাইল।
৪। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম আদালত, টাঙ্গাইল।
৫। অফিসার ইন-চার্জ ........................................................ (সকল)।
৬। কোর্ট পুলিশ পরিদর্শক, সদর কোর্ট, টাঙ্গাইল (এই বিষয়ে জি.আর.ও দের অবগত ও সার্বক্ষনিক তদারকির নির্দেশনাসহ)।
৭। কম্পিউটার অপারেটর, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইল (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
৮। পি/এ টু সি.জে.এম, টাঙ্গাইল।
৯। অফিস কপি।

১৯/০৯/২০১৯
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।